

০৭ কার্তিক ১৪৩১

২২ অক্টোবর ২০২৪

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১৮৩.২৪. ৩ ৪৭০

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি**শর্তাবলী**

১। বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এর সার্বিক তত্ত্বাবধানে বানৌজা আবু উবাইদাহ এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

a. **Work Description.** 01 in no Main Bottle (155 kg) of 1301 fixed fire fighting system is found leaky due to fair wear and tear where another Backup Bottle (155 kg) is operated by pneumatic pressure of Main Bottle. Gas Name- Halogenated Alkanes 1301 (Bromo Trifluoro Methane- CF3Br). Gas capacity: 155 X 2=310 Kg. Location: Fwd Fire Station. Coverage Area: L-11 m X B-11 m X H-8.4 m = 1016.40 m3.

b. **Work To Be Done.** The Main Bottle (155 kg) and Backup Bottle (155 kg) of 1301 fixed fire fighting system need to be removed and replaced by 533 kg of FM 200 (Hepta fluoro propane- CF3CHFCF3), fitted back and the system need to be checked properly. Safety need to be ensured with technical training.

২। **কাজ সংক্রান্ত বিবরণ ও বিশেষ শর্তাবলী।** উক্ত FM-200 fixed fire fighting system bottles এর প্রতিস্থাপন/নবায়ন এবং প্রয়োজনীয় কার্য সম্পাদনের জন্য শর্তাবলী নিম্নরূপঃ

ক। প্রয়োজন মোতাবেক আইটেম ও যন্ত্রাংশসমূহ OEM হতে সরবরাহ করতে হবে। উক্ত গ্যাসের জন্য OEM কর্তৃক Authentication সনদ প্রদান করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপ্রস্তাব দাখিল করবেন এবং এতদসংক্রান্ত ব্যয় সরবরাহকারী/মেরামতকারী প্রতিষ্ঠান বহন করবেন। উক্ত কাজে চাহিদা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে বিএন ডকইয়ার্ড কর্তৃক মেরামত কাজ বিশেষ করে সংযোজন/প্রতিস্থাপন কার্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার সুযোগ থাকবে। জাহাজে কাজটি করার সময়ে কী ধরনের Safety maintain করা হবে তা উল্লেখ করতে হবে। এ বিষয়ে জাহাজ/ ডকইয়ার্ড কর্তৃপক্ষকে যথাযথ ট্রেনিং প্রদান করতে হবে।

খ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী কর্তৃক নিজ খরচে প্রদান করে আইটেমের সচলতা নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কাজ সম্পন্ন করার জন্য মেরামতকারীর নিজস্ব Work Shop এবং দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারীর সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

গ। যে সকল আইটেমসমূহ নবায়ন/ মেরামত করতে হবে তাদের প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশের তালিকা এবং খাতওয়ারি খরচের বিবরণসহ দরপ্রস্তাব প্রদান করতে হবে।

ঘ। নির্ধারিত সময়ে কার্যসম্পাদন করতে হবে।

৩। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৪। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৫। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বানৌজা আবু উবাইদাহ কার্যযাচন নং ২০০৩২৪০০০২৫ তারিখ ২২ অক্টোবর ২০২৪)। কার্যাদেশ গ্রহণের পর কাজ সম্পাদনে অহেতুক কালক্ষেপন বা অনাগ্রহ পরিলক্ষিত হলে কার্যাদেশ অত্র সংস্থা কর্তৃক বাতিল করা যেতে পারে।

